

## স্পিড পোস্ট

বর্তমানে ডাক সেবার পরিধি উল্লেখযোগ্য পরিমাণে সম্প্রসারিত হয়েছে এবং গ্রাহক সেবার বহুমুখিতা বৃদ্ধি পেয়েছে। পোস্ট অফিসের বিদ্যমান পার্সেল সার্ভিস কে গ্রাহক চাহিদা পূরণের লক্ষ্যে যুগোপযোগীকরণের মাধ্যমে স্পিড পোস্ট নামে বিশেষ পার্সেল সার্ভিস গত ১৫ মে, ২০১৮ খ্রিঃ তারিখে সকল জেলা শহরে চালু করা হয়। স্পিড পোস্ট সেল দুই শিফটে কাজ করে। সার্ভিসের বৈশিষ্ট্য হচ্ছে সার্ভিসটি অভ্যন্তরীণ পার্সেল এর ন্যায় প্রচলিত হারে ডাক মাশুল পরিশোধ সাপেক্ষে কাউন্টারে বুকিং হয় এবং এন্ড টু এন্ড (End to End) ভিত্তিতে পরিচালিত ও বিলি হয়। পোস্টমাস্টার জেনারেলগণ তাদের প্রান্তিকে স্থানীয়ভাবে বুকিং, বিনিময়, বিলি ও স্টেজ অফিস নির্ধারণ করেন। তবে সকল পর্যায়ে সময় ও ব্যয় সাশ্রয়ী নীতি অনুসরণ করা হয়ে থাকে। সার্ভিসটি মোবাইল অ্যাপস ভিত্তিক সফটওয়্যারের মাধ্যমে পরিচালিত হয়। বিলি ডাকঘরে পার্সেলটি পৌঁছার সাথে সাথে সংশ্লিষ্ট প্রাপকের মোবাইলে মেসেজ প্রেরণ করা হয় এবং বিলির সাথে সাথে সফটওয়্যারের মাধ্যমে প্রাপকের মোবাইলে মেসেজ প্রেরণ নিশ্চিত করা হয়ে থাকে। স্পিড পোস্টের প্রধান মেইল রুট ঢাকা-খুলনা-ঢাকা, ঢাকা-রাজশাহী-ভায়া সিরাজগঞ্জ আরএমএস-ঢাকা, ঢাকা-সিরাজগঞ্জ-বগুড়া-রংপুর-পার্বতীপুর-ঢাকা, ঢাকা-কুমিল্লা-চট্টগ্রাম-ঢাকা, ঢাকা-নরসিংদী-সিলেট-ঢাকা, ঢাকা-গাজীপুর-ময়মনসিংহ-নেত্রকোণা-ঢাকা। স্পিড পোস্টে শুধুমাত্র উইন্ডো ডেলিভারি হিসেবে প্রাপকের ঠিকানায় উল্লেখকৃত প্রাপকের মোবাইল নম্বর এর ভিত্তিতে, ক্ষেত্রবিশেষে, প্রাপকের পরিচয় নিশ্চিতকরণের জন্য জাতীয় পরিচয়পত্র পরীক্ষাপূর্বক বিলির ব্যবস্থা করা হয়ে থাকে।